

2022/TDC (CBCS)/EVEN/SEM/  
BNGDSE-601T/024

TDC (CBCS) Even Semester Exam., 2022

BENGALI

( 6th Semester )

Course No. : BNGDSE-601T

( স্বাধীনতা-পরবর্তী বাংলা কথাসাহিত্য )

পূর্ণমান : ৭০

উত্তীর্ণ মান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো কুড়িটি) :  $1 \times 20 = 20$

- ১। কালকূট কার ছদ্মনাম?
- ২। শাম্ব কার পুত্র?
- ৩। 'শাম্ব' উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়?
- ৪। কার সাহচর্যে শাম্ব কুষ্ঠ রোগ থেকে মুক্তি পেয়েছিলেন?
- ৫। শাম্ব কোন্ নদীর তীরে সাধনা করেছিলেন?
- ৬। 'এপার গঙ্গা ওপার গঙ্গা' উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়েছে?

- ৭। সুতারা কোন্ বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেছেন?
- ৮। সুতারাকে কে কলকাতায় নিয়ে এসেছিল?
- ৯। পাঠ্য উপন্যাস ছাড়া জ্যোতিষী দেবীর অন্য একটি উপন্যাসের নাম উল্লেখ করো।
- ১০। তমিজ সাহেবের কন্যার নাম কী?
- ১১। 'ক্যানভাসার' গল্পটি কোন্ গল্প-সংকলনের অন্তর্ভুক্ত?
- ১২। হীরালালের পেশা কী ছিল?
- ১৩। 'বুধনী' গল্পে কয়টি অনুচ্ছেদ রয়েছে?
- ১৪। বুধনী কোন্ পার্বত্য অঞ্চলে বাস করতো?
- ১৫। কোন্ গল্পে 'ফকির শা-জাহান' চরিত্রটি আছে?
- ১৬। 'পুষ্করা' গল্পের গ্রামের তালুকদারের নাম কী?
- ১৭। 'বীতংস' গল্পের নায়কের নাম কী?
- ১৮। 'দুঃশাসনের রক্তপান' নাটকটি কোন্ গল্পে রয়েছে?
- ১৯। 'হাড়' গল্পে রায়বাহাদুরের ষোড়শী কন্যার নাম কী?
- ২০। কোন্ ঘটনার পরিপ্রেক্ষিতে 'পালঙ্ক' গল্পটি লেখা হয়েছে?
- ২১। 'মহাশ্বেতা' গল্পের নায়িকার নাম কী?
- ২২। 'অভিনেত্রী' ছোটগল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছে?
- ২৩। মোতালেফকে খেজুর গাছ থেকে রস নামানোর বিদ্যা কে শিখিয়েছিল?

২৪। মাজু খাতুনের স্বামীর নাম কী?

২৫। 'দুঃশাসন' গল্পটির লেখক কে?

SECTION—B

সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) :

২×৫=১০

২৬। কোন্ সাধনার দ্বারা শাস্ত্র কুষ্ঠ রোগ থেকে মুক্তি পেয়েছিলেন?  
'শাস্ত্র' উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছে?

২৭। কুষ্ঠ রোগীরা কোন্ বনে এসে উপস্থিত হয়েছিল? 'শাস্ত্র'  
উপন্যাসের নায়িকার নাম কী?

২৮। 'এপার গঙ্গা ওপার গঙ্গা' উপন্যাসে কোন্ দাঙ্গার কথা আছে?  
এই দাঙ্গায় সুতারা কাদের হারিয়েছিল?

২৯। সুতারার দাদা ও দিদির নাম কী?

৩০। বনফুলের লেখা দুটি গল্প-সংকলনের নাম উল্লেখ করো।

৩১। 'বুধনী' গল্পটি কোন্ গল্প-সংকলনের অন্তর্ভুক্ত? বুধনীর স্বামীর  
নাম কী?

৩২। নারায়ণ গঙ্গোপাধ্যায়ের প্রকাশিত প্রথম গল্প-সংকলন কোন্টি?  
তার প্রকৃত নাম কী?

৩৩। 'বীতংস' গল্পে কার কথা বলা হয়েছে? 'তাজমহল' গল্পের  
নায়কের স্ত্রী কোন্ রোগে আক্রান্ত ছিল?

৩৪। 'পালঙ্ক' গল্পে অসীমা কাকে চিঠি লিখেছিল? সে তার সম্পর্কে  
কী হয়?

৩৫। 'রস' গল্পটি কত সালে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৮×৫=৪০

- ৩৬। 'শাস্ত্র' উপন্যাস অবলম্বনে শাস্ত্র চরিত্রটি আলোচনা করো।
- ৩৭। 'শাস্ত্র' উপন্যাসের নামকরণের সার্থকতা আলোচনা করো।
- ৩৮। 'এপার গঙ্গা ওপার গঙ্গা' উপন্যাসে দেশভাগের যে করুণ পরিণতি দেখা যায় তা আলোচনা করো।
- ৩৯। 'এপার গঙ্গা ওপার গঙ্গা' উপন্যাসে তমিজ সাহেবের পরিবারের মধ্য দিয়ে যে অসাম্প্রদায়িকতার ছবি ফুটে উঠেছে তা আলোচনা করো।
- ৪০। 'নিমগাছ' গল্পটিতে একটি গ্রামীণ বঁধুর জীবনযন্ত্রণার সাথে নিমগাছকে কীভাবে লেখক একাকার করে উপস্থাপিত করেছেন তার বর্ণনা দাও।
- ৪১। 'বুধনী' গল্পে বিল্টু চরিত্রের মধ্য দিয়ে আদিম, বন্য প্রেমের যে নিদারুণ ছবি শিল্পদক্ষতায় উপস্থাপিত হয়েছে তার একটি রসগ্রাহী আলোচনা করো।
- ৪২। "পঞ্চাশের মর্মস্বন্দ মন্বন্তরের দলিলস্বরূপ নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'পুঙ্করা' গল্পটি একটি শিল্পসার্থক সৃষ্টি।" আলোচনা করো।
- ৪৩। 'হাড়' গল্পের রসগ্রাহী আলোচনা করো।
- ৪৪। অভাব-অনটনের ছবি ফুটিয়ে তুলতে গিয়ে নরেন্দ্রনাথ মিত্র 'অভিনেত্রী' গল্পের লাভণ্য চরিত্রটিকে কীভাবে উপস্থাপন করেছেন, আলোচনা করো।
- ৪৫। 'রস' গল্প অবলম্বনে মোতালেফ চরিত্রটির স্বরূপ আলোচনা করো।

★ ★ ★

2022/TDC (CBCS)/EVEN/SEM/  
BNGDSE-601T/024

22J—2900/1297